

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ১৭, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
বিআরটিএ সংস্থাপন শাখা  
সংশোধিত প্রজ্ঞাপন

তারিখ : ২৭ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ/১২ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

নং ৩৫.০০.০০০০.০২০.২২.০০১.১৫-৮৬৫—সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক সর্বশেষ ১০ আগস্ট ২০২২ তারিখের ৩৫.০০.০০০০.০২০.২২.০০১.১৫-৪১০ সংখ্যক প্রজ্ঞাপনে জারীকৃত “বিআরটিএ’র কর্মকর্তা/কর্মচারীদের বদলি ও পদায়ন গাইডলাইন, ২০১৮” শিরোনামে প্রকাশিত, অতঃপর উক্ত গাইডলাইন বলে অভিহিত, এর সংশোধন নিম্নরূপ—

বিআরটিএ’র (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা-১৯৯২ (সংশোধিত) অনুযায়ী সমপ্রকৃতির (অভিন্ন ফিডার পদ) পদ হতে পদোন্নতির মাধ্যমে পূরণকৃত পদসমূহ যথা- পরিচালক (ইঞ্জিনিয়ারিং) [সদর কার্যালয়], পরিচালক (ইঞ্জিনিয়ারিং) [বিভাগীয় কার্যালয়], পরিচালক (অপারেশন), পরিচালক (রোড সেফটি), পরিচালক (প্রশিক্ষণ) কর্তৃপক্ষ কর্তৃক জনস্বার্থে পারস্পরিক বদলিযোগ্য হবে। অভিন্ন ফিডার পদ হতে পদোন্নতির মাধ্যমে পূরণকৃত অন্যান্য পদসমূহ যথা-উপপরিচালক (ইঞ্জিনিয়ারিং), উপপরিচালক (অপারেশন), উপপরিচালক (প্রশিক্ষণ), উপপরিচালক, উপপরিচালক (রোড সেফটি) পারস্পরিক বদলিযোগ্য হবে। একইভাবে অভিন্ন ফিডার পদ হতে পদোন্নতিপ্রাপ্ত পদসমূহ যথা- উপপরিচালক (প্রশাসন/অর্থ/এনফোর্সমেন্ট/অডিট ও তদন্ত/প্রশিক্ষণ) পারস্পরিক বদলিযোগ্য হবে।

( ২৮১৩৭ )

মূল্য : টাকা ৪.০০

০২। বিআরটিএ'র কর্মকর্তা/কর্মচারীদের বদলি ও পদায়ন গাইডলাইন, ২০১৮ এর অন্যান্য অংশ অপরিবর্তিত থাকবে।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ জসিম উদ্দিন

সহকারী সচিব।